

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েবসাইট : www.techedu.gov.bd.

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৮৪.৩৯.২৫৪.১৬.৭২

তারিখ: ১২/১০/২০১৭খ্রিঃ।

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তরের PIMS ডাটাবেজের তথ্যাদি হালনাগাদকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তাঁর সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরি সংক্রান্ত ও ব্যক্তিগত তথ্য বিবরণী এ অধিদপ্তরের PIMS ডাটাবেজে সংরক্ষিত রয়েছে যাহা নিয়মিত হালনাগাদ করা প্রয়োজন।

ইতিপূর্বে এ বিষয়ে তাগিদপত্র স্মারক নং-৩৭.০৩.০০০০.০৬৪.০০.০১৮.১০.৩১, তারিখ ২৮/১২/২০১৫ খ্রি: প্রেরণ করা হয়েছিল এবং ০৭/০১/২০১৬ তারিখের মধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের হালনাগাদ (Up-to-Date) তথ্য অত্র অধিদপ্তরের PIMS এ Entry পূর্বক প্রিন্ট কপি অত্র অধিদপ্তরের ই-মেইলে (techedu09@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল।

অতঃপর এ বিষয়ে পুনরায় তাগিদপত্র স্মারক নং-৩৭.০৩.০০০০.০০১.১৮.১২৮.১৩.২৭৩, তারিখ ২৯/০৩/২০১৬ খ্রি: প্রেরণ করা হয়েছিল এবং ১০/০৪/২০১৬ তারিখের মধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের হালনাগাদ (Up-to-Date) তথ্য অত্র অধিদপ্তরের PIMS এ Entry পূর্বক অত্র অধিদপ্তরে অবহিত করার জন্য অনুরোধ করা হয়েছিল।


অতঃপর এ বিষয়ে বিশেষ সতর্কতামূলক তাগিদপত্র স্মারক নং-৩৭.০৩.০০০০.০৮৪.৩৯.২৫৪.১৬.১২, তারিখ ০৩/০৫/২০১৬ খ্রি: প্রেরণ করা হয়েছিল এবং ০৫/০৫/২০১৬ তারিখের মধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের হালনাগাদ (Up-to-Date) তথ্য অত্র অধিদপ্তরের PIMS এ Entry পূর্বক এ অধিদপ্তরে সফটকপি ও হার্ডকপি প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছিল। কিন্তু অনেক প্রতিষ্ঠান হতে যথাযথ তথ্য পাওয়া যায়নি, বিষয়টি অত্যন্ত দুঃখজনক।

একাধিকবার বিশেষভাবে তাগিদ দেয়া সত্ত্বেও যথাসময়ে হালনাগাদ (Up-to-Date) তথ্য PIMS ডাটাবেজে Entry না করায় স্মারক নং-৩৭.০৩.০০০০.০৮৪.৩৯.২৫৪.১৬.১৩, তারিখ: ১৬/০৫/২০১৬ খ্রি: মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে কারণ দর্শানোর নোটিশ সহ ১৯/০৫/২০১৬ তারিখের মধ্যে তথ্যসমূহ হালনাগাদ করে অধিদপ্তরে হার্ড ও সফট কপি প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছিল।

হালনাগাদ তথ্য না পাওয়ায় সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন, অবসর গ্রহণ, দেশে-বিদেশে প্রশিক্ষণ, পূর্বে কোন কর্মস্থলে কর্মরত ছিলেন ইত্যাদি বিষয়সহ বিভিন্ন সরকারি কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায় তাঁর কার্যালয়ের PIMS এ সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর পার্সোনাল, এডুকেশন/এওয়ার্ড/ট্রেনিং/পাবলিকেশন, এমপ্লয়মেন্ট, ট্রান্সফার/প্রমোশন/ইনক্রিমেন্ট, লোন/লিভ/ডিউ, ট্যুর/অডিট/বেনিফিট ইত্যাদি তথ্যসমূহ আগামী ১৯/১০/২০১৭ তারিখের মধ্যে হালনাগাদ Entry করে নিম্নস্বাক্ষরকারী বরাবর হার্ড ও সফট কপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


(মো: অহিদুল ইসলাম)
যুগ্ম সচিব
ও
পরিচালক (পিআইডব্লিও)

বিতরণ :

- ১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা/ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট/ময়মনসিংহ/ফরিদপুর/বরিশাল।
- ২। অধ্যক্ষ,পলিটেকনিক/ফেনী কম্পিউটার/গ্রাফিক আর্টস/গ্লাস অ্যান্ড সিরামিক/সার্ভে ইনস্টিটিউট/ডিটিআই, বগুড়া।
- ৩। অধ্যক্ষ,টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।
- ৪। ইনচার্জ, সেন্ট্রাল স্টোর, পাঠানটুলী, নারায়নগঞ্জ।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৮৪.৩৯.২৫৪.১৬.

তারিখ: ১২/১০/২০১৭খ্রিঃ।

অনুলিপিঃ

- ১। পরিচালক (পিআইডব্লিও/প্রশাসন/পরি.ও উন্ন/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংরক্ষণ নথি।

(মো: অহিদুল ইসলাম)
যুগ্ম সচিব
ও
পরিচালক (পিআইডব্লিও)